

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা অধিশাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৮৭

তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৩

বিষয়: রাজশাহী জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন।
সূত্র: এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৯.২২-১৩৪৬, তারিখ: ০১-১১-২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ১২ নভেম্বর ২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক রাজশাহী জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে রাজশাহী জেলার পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপপরিচালক ও সংশ্লিষ্ট অফিসের অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের অবকাঠামো, জনবল এবং মা ও শিশুদের স্বাস্থ্যসেবা প্রদানের সুবিধাদিসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:


- ০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : হরিপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, পবা, রাজশাহী
- ০২। পরিদর্শনের তারিখ ও সময় : ১২ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ১১.৩০ টা
- ০৩। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা : অনুমোদিত পদে মেডিকেল অফিসার এবং পরিবার কল্যাণ পরিদর্শিকা কর্মরত
আছেন।
- ০৪। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : পরিদর্শনকালে সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।
- ০৫। পরিদর্শনকালে Stockholder মতামত/পরামর্শের সংক্ষিপ্ত বিবরণ :

উপস্থিত সেবা গ্রহীতারা কেন্দ্রের সেবা প্রদানের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। গর্ভবতী ও প্রসূতি সেবাগ্রহীতা ছাড়াও সাধারণ জ্বর কাশিতে আক্রান্ত কয়েকজন রোগী দেখা যায়। তাদেরকে সাধারণ সেবা প্রদান করা হয়।

০৬। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : কেন্দ্রে প্রবেশের রাস্তা অপ্রশস্ত এবং বসত বাড়ি ও দোকান ঘরের পিছনে থাকায় সড়ক হতে কেন্দ্রের অবস্থান জানা কষ্টকর। একতলা ভবনে কেন্দ্রের কার্যক্রম চলমান। রোগীদের কক্ষসহ বিভিন্ন কক্ষের দেয়াল ও ছাদ হতে পলেন্তারা খসে পড়ছে। ভবনটি সংস্কার করা প্রয়োজন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর ভগ্নপ্রায়। কেন্দ্রের ভিতরে সাব-এসিস্ট্যান্ট-কমিউনিটি মেডিকেল অফিসার (SACMO) এবং পরিবার কল্যাণ পরিদর্শিকার জন্য পূর্বে নির্মিত কোয়ার্টার ভবন পুরোপুরি ব্যবহার অনুপযোগী এবং পরিত্যক্ত অবস্থায় রয়েছে। উক্ত স্থানে মাদকসেবীদের আনাগোনা রয়েছে বলে সংশ্লিষ্ট কর্মচারীরা জানান। পুরাতন ও পরিত্যক্ত কোয়ার্টার ভবন অপসারণ করে নতুন কোয়ার্টার ভবন নির্মাণ করা প্রয়োজন। অফিসের পরিচ্ছন্নতার মান সন্তোষজনক হলেও অফিস চত্বরের পরিধি অত্যন্ত বেশী হওয়ায় একজন পরিচ্ছন্নতাকর্মীর পক্ষে পুরো এলাকা পরিচ্ছন্ন রাখা কষ্টকর।



৯



০৭। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্র ও সরঞ্জামাদির বাস্তব অবস্থা : প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রসমূহ স্বাস্থ্য সেবা প্রদানে পুরোপুরি উপযোগী নয়। অফিসের জন্য উপযোগী চেয়ার টেবিল সরবরাহ করা প্রয়োজন। অপেক্ষমান রোগীদের বসার জন্য পর্যাপ্ত আসনের ব্যবস্থা করা প্রয়োজন। আরেকটি খাট স্থাপন করা হলে অধিক রোগীকে সেবা প্রদান করা সম্ভব হবে। কেন্দ্রের স্টোরে অপ্রয়োজনীয় সরঞ্জামাদি ও মেয়াদোত্তীর্ণ কোনো ওষুধ নেই।



০৮। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ :
 (ক) প্রতিষ্ঠান ভবনের ছাদ ও দেয়ালের সংস্কার কাজ করা প্রয়োজন।;
 (খ) পুরাতন ও পরিত্যক্ত কোয়ার্টার ভবন অপসারণ করে নতুন কোয়ার্টার ভবন নির্মাণ করা প্রয়োজন;

(গ) কেন্দ্রে প্রবেশের পথ প্রশস্ত করা প্রয়োজন;

(ঘ) অফিস উপযোগী চেয়ার টেবিল এবং রোগীদের জন্য নতুন একটি খাট সরবরাহ করা প্রয়োজন। অপেক্ষমান রোগীদের বসার জন্য পর্যাপ্ত আসনের ব্যবস্থা করা প্রয়োজন।

(ঙ) Need assessment করে প্রয়োজনীয় ওষুধ সরবরাহ নিশ্চিত করতে হবে এবং অপ্রয়োজনীয়ভাবে চাহিদা ব্যতীত কোনো আসবাবপত্র/সরঞ্জামাদি যেনো সরবরাহ না করা হয় সে বিষয়ে সংশ্লিষ্ট ওয়ারহাউজকে নির্দেশনা প্রদান করছে হবে।



(মল্লিকা খাতুন)
যুগ্মসচিব

ফোন: ৫৫১০০৮৬৪

me@mefwd.gov.bd

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৮৭

তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা

০২। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। বিভাগীয় পরিচালক, রাজশাহী

০৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, রাজশাহী

০৫। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)